# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৮৮

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ব্যথার উপশম

باب فِي الرُّقْيَةِ إِذَا اشْتَكَى

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ عَبْدِ الصَّمَدِ، حَدَّثَنِي أَبِي، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَالِمٍ، حَدَّثَنَا ثَابِتٌ الْبُنَانِيُّ، قَالَ قَالَ لِي يَا مُحَمَّدُ إِذَا اشْتَكَيْتَ فَضَعْ يَدَكَ حَيْثُ تَشْتَكِي وَقُلْ بِسْمِ اللَّهِ أَعُوذُ بِعِزَّةِ اللَّهِ وَقُدْرَتِهِ مِنْ شَرِّ مَا أَجِدُ مِنْ وَجَعِي هَذَا ثُمَّ ارْفَعْ يَدَكَ ثُمَّ أَعِدْ ذَلِكَ وِتْرًا فَإِنَّ أَنَسَ بْنَ مَالِكٍ حَدَّثَنِي أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم حَدَّثَهُ بِذَلِكَ . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ وَمُحَمَّدُ بْنُ سَالِمٍ هَذَا شَيْخٌ بَصْرِيٌّ .

বাংলা

৩৫৮৮. আবদুল ওয়ারিছ ইবন আবদুস সামাদ (রহঃ) ..... মুহাম্মাদ ইবন সালিম (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমাকে ছাবিত বুনানী (রহঃ) বললেনঃ হে মুহাম্মাদ! তোমার যদি কোথাও কষ্ট হয় তবে যেখানে কষ্ট হচ্ছে সেখানে তোমার হাত রেখবে এবং বলবেঃ

بِسْمِ اللَّهِ أَعُوذُ بِعِزَّةِ اللَّهِ وَقُدْرَتِهِ مِنْ شَرِّ مَا أَجِدُ مِنْ وَجَعِي هَذَا

আল্লাহর নামে শুরু, আমি পানাহ চাই আল্লাহর ইযযত ও কুদরতের ওয়াসীলায় আমার এই ব্যথার যে অকল্যাণ ও কষ্ট, তা থেকে। এরপর হাতটি সেই স্থান থেকে তুলে নিবে এবং বেজোড় সংখ্যায় অনুরূপ আবার করবে। কেননা আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু আমাকে বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে এই কথাই বলেছেন।

সহীহ, সহীহাহ ১২৫৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫৮৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি এই সূত্রে হাসান-গারীব। মুহাম্মাদ ইবন সালেম হলেন শায়খে বসরী।

## English

Muhammad bin Sulaim narrated:
“Thabit Al-Bunani narrated to me, he said to me: ‘O Muhammad, when you suffer from some ailment, then place your hand at the place of the ailment, then say: “In the Name of Allah, I seek refuge in Allah’s might and power from the evil of this pain I feel (Bismillāh, a`ūdhu bi-`izzatillāhi wa qudratihī min sharri mā ajidu min waja`ī hādhā).” Then lift your hand and repeat that an odd number of times. For indeed, Anas bin Malik narrated to me, that the Messenger of Allah (ﷺ) narrated that to him.’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবনু সালিম

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38990

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন